

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)



স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২৪.১৮- ১১২(১)

স্মারক নং ২৬/০৯/২০২১ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিভুক্ত বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ উপজেলায় অর্জিত আয় না থাকা সত্ত্বেও আপনি আর্থিক বিধি লঙ্ঘনপূর্বক ঋণ তহবিল অবক্ষয় করে নিজে অতিরিক্ত ১৯৫২৩০.০০ (এক লক্ষ পচাঁনব্বই হাজার দুইশত ত্রিশ) টাকা বেতনভাতা বাবদ উত্তোলন ও ০৫ জন কর্মচারীর বিপরীতে ৪৬৬৮৭৬.০০ টাকাসহ সর্বমোট অতিরিক্ত ৬৬২১০৬.০০ (ছয় লক্ষ বাষট্টি হাজার একশত ছয়) টাকা বেতনভাতা বাবদ ব্যয় করেছেন। এছাড়া উক্ত উপজেলায় আপনার দায়িত্বে অবহেলা, তদারকির অভাব, উদাসীনতা ও কর্মস্থলে প্রায়ই অনুপস্থিতির জন্য মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ ০.৫০ লক্ষ টাকা (যোগদানকালীন) হতে বৃদ্ধি পেয়ে হয়েছে ৮২.০৯ লক্ষ টাকা। আপনার এ ধরনের কার্যক্রমের জন্য স্মারক নং ৬৬২ তারিখঃ ১৮/০৩/২০২১ খ্রিঃ মূলে ব্যাখ্যা তলব করা হলেও অদ্যাবধি জবাব প্রদান করেননি। এছাড়া বিভিন্ন সময়ে প্রকল্প দপ্তর কর্তৃক আয়োজিত জুম মিটিংএ নানা অজুহাতে অনুপস্থিত থাকেন; যা অফিস শৃঙ্খলা পরিপন্থী।

২। ইতোপূর্বে আপনি বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলায় প্রায় ০৩ বছর কর্মরত থাকা সত্ত্বেও প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ-আদায়সহ অন্যান্য কার্যক্রম অর্জিত হয়নি। কিন্তু পরবর্তীতে আপনাকে বদলিপূর্বক উক্ত উপজেলায় অন্য এআরডিও পদায়ন করা হলে প্রকল্পের কার্যক্রম সন্তোষজনক পর্যায়ে উন্নীত হয়। এতে আপনার অদক্ষতার বিষয়টি সুস্পষ্টভাবে প্রতীয়মান হয়।

৩। এছাড়া আপনি ঝালকাঠি সদর উপজেলায় কর্মকালীন অধিনস্ত কর্মচারী ও সুফলভোগী সদস্যদের সাথে অসৌজন্যমূলক আচরণ ও কর্তৃপক্ষের নির্দেশনা উপেক্ষা করে ইচ্ছেমত অফিসে আগমন ও প্রস্থান করায় উক্ত উপজেলায় ঋণ কার্যক্রম উত্তরোত্তর হ্রাস পাওয়াসহ দাপ্তরিক পরিবেশ বিঘ্নিত হওয়ার বিষয়টি সংশ্লিষ্ট জেলা ও উপজেলা কর্মকর্তা নিশ্চিত করেছেন। কিন্তু আপনাকে উক্ত উপজেলা হতে বদলি করার পর দাপ্তরিক পরিবেশ স্বাভাবিকসহ পুনরায় ঋণ কার্যক্রম গতিশীল হয়েছে। এতে ঋণ কার্যক্রম পরিচালনায় আপনার অদক্ষতার বিষয়টিই পুনরায় প্রমাণিত হয়।

৪। কর্তৃপক্ষের নির্দেশনা উপেক্ষা করে ইচ্ছেমত অফিসে আগমন ও প্রস্থান নিয়মিত অভ্যাসে পরিণত হওয়াসহ অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত এবং দায়িত্বে অবহেলা ও উদাসীনতার জন্য আপনার কর্মজীবনে (প্রায় ০৯ বছর) সর্বমোট ৩৪ বার ব্যাখ্যা তলব ও ১৩ দিনের বেতন স্থগিত এবং বিভিন্ন সময়ে সাকুল্য বেতনভাতার বিভিন্ন অংশ স্থগিত বাবদ সর্বমোট ১৬৩৮৪২.০০ টাকা স্থগিত করা হয়; তদুপরি আপনি সংশোধন হননি। এছাড়া আপনি অফিস শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রমের জন্য ক্ষমা প্রার্থনাপূর্বক ভবিষ্যতে দায়িত্বশীলতার সঙ্গে কাজ করবেন মর্মে অঙ্গীকার করা সত্ত্বেও ইতিবাচক পরিবর্তন হয়নি। এতে কর্মসূচির দায়িত্ব পালনে আপনার অদক্ষতা, অযোগ্যতা ও আন্তরিকতার অভাবের বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত হয়।

এমতাবস্থায়, বরিশাল জেলার মেহেন্দীগঞ্জ উপজেলায় অর্জিত আয় না থাকা সত্ত্বেও আর্থিক বিধি লঙ্ঘনপূর্বক ঋণ তহবিল অবক্ষয় করে অতিরিক্ত ৬৬২১০৬.০০ (ছয় লক্ষ বাষট্টি হাজার একশত ছয়) টাকা বেতনভাতা বাবদ ব্যয় করাসহ কর্মসূচির দায়িত্ব পালনে অদক্ষতা, অযোগ্যতা ও আন্তরিকতার অভাবের জন্য আপনার দ্বারা কর্মসূচির কার্যক্রম পরিচালনা করা সম্ভব না হওয়ার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত হওয়ায় কেন কর্মসূচিতে স্থানান্তর আদেশের ২(ঙ) শর্তানুযায়ী কর্মসূচির চুক্তিভিত্তিক নিয়োগ হতে আপনাকে অপসারণ করা হবে না তার জবাব ০৭(সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য বলা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
কর্মসূচি পরিচালক

জনাব নুসরাত নওশীন সুবর্ণা  
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা  
ইরেসপো, বিআরডিবি, মেহেন্দীগঞ্জ, বরিশাল

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ মেহেন্দীগঞ্জ জেলাঃ বরিশাল।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ বরিশাল।
৪. ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।